প্রত্যেক ভুলের জন্য সালামের পর দুই সেজদা।

সাওবান রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “প্রত্যেক ভুলের জন্য সালামের পর দুই সেজদা”। [হাসান] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

এর দ্বারা উদ্দেশ্য হলো সালাতে যে ধরণের ভুল সংঘটিত হোক চাই তা বৃদ্ধি করা বা কম করা বা সন্দেহ করার কারণে হোক তার ওপর সেজদা সাহু করা ওয়াজিব হয়ে যায়। যারা বলে সাজদা সাহু সালামের পরে হাদীসটি তাদের পক্ষে দলীল। এ অধ্যায়ে বিভিন্ন দলীলের মধ্যে সামঞ্জস্য হলো, দুই অবস্থায় সালামের পর সেজদা হয়: যদি কম করার কারণে সালাম ফিরায় এবং যদি সন্দেহের কারণ প্রবল ধারণার ওপর ভিত্তি করে। এ দুটি কারণ ছাড়া অন্য কারণে হলে সাজদা সাহু সালামের পূর্বে হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/11236